

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর সাথে শ্রীলংকার হাইকমিশনারের সাক্ষাৎ।

ঢাকা ০১ নভেম্বর, ২০১৫ইং –

বাংলাদেশে নিযুক্ত শ্রীলংকার হাইকমিশনার যশোজা গুনাসেকারা (Yasoja Gunasekara) আজ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এর সাথে তাঁর সচিবালয়স্থ কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা দু'দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় বিশেষ করে বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বায়োটেকনোলজি, সমুদ্র গবেষণা এবং পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নিয়ে মতবিনিময় করেন। এছাড়া তাঁরা এসব খাতে উভয় দেশের পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা বৃদ্ধির ওপরও জোরারোপ করেন।

এসময় শ্রীলংকার রাষ্ট্রদূত বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বাংলাদেশের সাফল্যের ভূয়সী প্রশংসা করেন। সাক্ষাৎকালে অন্যান্যের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আনোয়ার হোসেন এবং মোঃ মজিবুর রহমান উপস্থিত ছিলেন।



(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)

তথ্য অফিসার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ)

মোবাঃ ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯

E-mail: buyankamrul@gmail.com